Thursday, 25 September, 2025
Dhaka, Bangladesh

# Declaration on Building an Inclusive State

## Preamble

We, representatives from diverse political traditions and civil society in Bangladesh, gathered today in our personal capacities, express our deepest respect and gratitude to the martyrs who sacrificed their lives in the Liberation War, the recent July mass uprising, and all other democratic movements. Their sacrifices remind us that the people themselves are the true power against injustice and authoritarianism, and the indispensable driving force for the restoration of democracy.

Rooted in the aspirations of the Liberation War, the dream of a truly inclusive democracy has long been cherished in the hearts of the people of Bangladesh. Yet history bears witness that despite their courage, wisdom, and steadfast leadership, women and young people have not been accorded their rightful place at the real tables of governance and policy-making. Even though most of the nation's population is young, and more than half are women, too often their voices have remained confined to the struggles of the streets. To build a genuine, inclusive, and democratic state founded on social justice, there can be no alternative but to ensure the security, dignity, and equal opportunity of women, youth, marginalised communities, ethnic and religious minorities, persons with disabilities, and other disadvantaged groups.

In this spirit, the establishment of an equitable society has become our collective moral responsibility.

## Core Principles

1. **People's Mandate:** The July uprising confirmed the people's demand for a political order where women and youth are no longer sidelined.

2. **Removing Discrimination:** Women and youth have long been neglected in party decision-making and national governance. Securing their rightful role is imperative.

3. **Equal Dignity:** Every citizen, regardless of age, gender, faith or identity, has the right to fair opportunities for political participation and to social and economic recognition and respect.

4. **Safe Participation:** The political arena must be free of harassment, intimidation and violence. Each of us will, individually and collectively, oppose harassment based on gender or identity, especially online harassment against women.

5. **Ethical and Cultural Values:** In line with Bangladesh's cultural and ethical heritage, we will nurture a democratic culture that prioritises justice, dignity and inclusion.

R. Imam (Rashna Imam)
Shihab Uddin Khan
Zahir Uddin Swapan.
Nasreen Sultana Mily
NASIM FIRDAUS
Hema Chakma
Fahima Nasrein

## Our Commitments

Acting in personal responsibility, we pledge to:

- **Elevate voices within parties:** Work within all political parties to ensure women and youth have substantive roles and a real say in decisions.
- **Advance inclusion at the national level:** Strive to reflect women's and youth perspectives in Parliament, policy-making processes and national dialogues.
- **Mentor and guide:** Provide mentorship and guidance to aspiring women and youth leaders to support their development.
- **Acknowledge and redress discrimination:** Recognise the long-standing neglect of women and youth in governance and commit to remedying it, ensuring that no woman or young citizen is deprived of civic opportunities or duties.
- **Inclusive leadership model:** Set a standard of leadership that centres courage, accountability and inclusion.
- **Build capacity:** Support training, education and political awareness initiatives that prepare women and youth for effective leadership.

## Implementation and Follow-up

- This declaration is not legally binding. It reflects only the personal commitments of the signatories.
- Each signatory will take appropriate steps in light of their context and responsibilities.
- The Centre for Governance Studies (CGS) will document and compile the voluntarily undertaken actions and experiences so they may inspire others.

We sign this declaration inspired by the ideals of the Liberation War and the spirit of the July uprising. We firmly believe that until the voices of women and youth are properly reflected in party structures and national governance, the promise of inclusive democracy will remain unfulfilled. By securing their rightful place, we commit to building a Bangladesh that truly belongs to all.

(Rashna Imam)
Shihabuddin Khan
Nazmul Haque
Sultana.
Nasreen Sultana Mily
Zahir Uddin Swapon.
Homa Chakma
NASIM FIRDAUS
Fahima Nasreen

# অন্তর্ভুক্তিমূলক রাষ্ট্রগঠনের ঘোষণাপত্র

## ভূমিকা

আমরা, বাংলাদেশের বিভিন্ন ধারার রাজনীতিক ও নাগরিক সমাজের প্রতিনিধি হিসেবে, আজ ব্যক্তিগত পরিচয়ে সমবেত হয়ে মহান মুক্তিযুদ্ধ থেকে শুরু করে সাম্প্রতিক জুলাই গণআন্দোলনসহ সকল গণতান্ত্রিক আন্দোলনে আত্মদানকারী বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাচ্ছি। তাঁদের আত্মত্যাগ আমাদের স্মরণ করিয়ে দেয় যে জনগণই অন্যায় ও স্বৈরশাসনের বিরুদ্ধে দাঁড়ানোর প্রকৃত শক্তি এবং গণতন্ত্র পুনরুদ্ধারের অনিবার্য চালিকা শক্তি।

মুক্তিযুদ্ধের মূল আকাঙ্ক্ষা থেকে উৎসারিত একটি সত্যিকারের অন্তর্ভুক্তিমূলক গণতন্ত্রের স্বপ্ন দীর্ঘদিন ধরে বাংলাদেশের মানুষের হৃদয়ে লালন করে আসছে। কিন্তু ইতিহাস সাক্ষ্য দেয় যে সাহস, প্রজ্ঞা ও দৃঢ় নেতৃত্ব প্রদর্শন সত্ত্বেও নারী ও তরুণসমাজ রাষ্ট্রপরিচালনা ও নীতি-নির্ধারণের মূল টেবিলে যথার্থ স্থান পাননি। দেশের অধিকাংশ মানুষ তরুণ, এবং অর্ধেকেরও বেশি নারী হওয়া সত্ত্বেও তাঁদের কণ্ঠস্বর সীমাবদ্ধ থেকেছে কেবল রাজপথের সংগ্রামে। একটি সত্যিকার অন্তর্ভুক্তিমূলক ও গণতান্ত্রিক রাষ্ট্র গড়ে তুলতে হলে সামাজিক ন্যায়বিচারের ভিত্তিতে নারী ও তরুণের পাশাপাশি প্রান্তিক জনগোষ্ঠী, জাতিগত ও ধর্মীয় সংখ্যালঘু, প্রতিবন্ধী ব্যক্তি এবং অন্যান্য বঞ্চিত গোষ্ঠীর নিরাপত্তা, মর্যাদা ও সমান সুযোগ নিশ্চিত করার বিকল্প নেই।

এই প্রেক্ষাপটে একটি বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠা করাই আজ আমাদের সবার নৈতিক দায়িত্ব।

## মৌলিক নীতি

১. **জনগণের অঙ্গীকার:** জুলাই অভ্যুত্থান প্রমাণ করেছে যে জনগণ এমন এক রাজনৈতিক ব্যবস্থা চায় যেখানে নারী ও তরুণসমাজ আর উপেক্ষিত থাকবে না।

২. **ধারাবাহিক বৈষম্য সংস্কার:** নারী ও তরুণসমাজ দীর্ঘদিন দলীয় সিদ্ধান্ত গ্রহণ ও জাতীয় শাসন ব্যবস্থায় অবহেলিত হয়েছেন। এখন তাঁদের যথার্থ ভূমিকা নিশ্চিত করা অপরিহার্য।

৩. **সমান মর্যাদা:** প্রত্যেক নাগরিক বয়স, লিঙ্গ, ধর্ম বা পরিচয় নির্বিশেষে রাজনীতিতে অংশগ্রহণের ন্যায্য সুযোগ, আর্থ-সামাজিক স্বীকৃতি ও সম্মান পাওয়ার অধিকার রাখে।

৪. **নিরাপদ অংশগ্রহণ:** রাজনৈতিক অঙ্গন হতে হবে হয়রানি, ভীতি প্রদর্শন ও সহিংসতামুক্ত। এই লক্ষ্য অর্জনের জন্য আমাদের প্রত্যেককে ব্যক্তিগতভাবে ও সম্মিলিতভাবে লিঙ্গ ও পরিচয়ের ভিত্তিতে হয়রানির বিরুদ্ধে, বিশেষ করে নারীদের প্রতি অনলাইন হয়রানির বিরুদ্ধে, দৃঢ়ভাবে প্রতিবাদ করতে হবে।

৫. **নৈতিক ও সাংস্কৃতিক মূল্যবোধ:** বাংলাদেশের সাংস্কৃতিক ও নৈতিক ঐতিহ্যের আলোকে এমন এক গণতান্ত্রিক সংস্কৃতি গড়ে তুলতে হবে যেখানে ন্যায়, মর্যাদা ও অন্তর্ভুক্তি প্রাধান্য পায়।

Rashna Imam
Shihab Uddin Khan
Zahir Uddin Swapan
Sultana
Nasreen Sultana Mily
Hema Chakma
Fahima Hossain
WASIM FIRDAUS

## আমাদের অঙ্গীকার

আমরা, ব্যক্তিগত দায়বদ্ধতায়, নিম্নলিখিত বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ হচ্ছি:

- **দলীয় কাঠামোয় কণ্ঠস্বরের অগ্রাধিকার:** আমরা প্রত্যেক রাজনীতিক দলেই নারী ও যুবসমাজকে কার্যকর ভূমিকা ও সিদ্ধান্ত গ্রহণের সুযোগ নিশ্চিত করার জন্য কাজ করব।

- **জাতীয় পর্যায়ে অন্তর্ভুক্তি:** নারী ও যুবসমাজের দৃষ্টিভঙ্গি জাতীয় সংসদ, নীতি-নির্ধারণ প্রক্রিয়া এবং জাতীয় আলোচনায় প্রতিফলিত করতে সচেষ্ট থাকব।

- **পরামর্শ ও দিকনির্দেশনা:** আগ্রহী নারী ও যুব নেতাদের পথপ্রদর্শন ও পরামর্শ প্রদান করব তাদের বিকাশের স্বার্থে।

- **বৈষম্য স্বীকার ও সংশোধন:** আমরা স্বীকার করছি যে নারী ও তরুণসমাজকে দীর্ঘদিন শাসন ব্যবস্থায় অবহেলা করা হয়েছে, এবং আমরা এই বৈষম্য দূর করতে প্রতিজ্ঞাবদ্ধ। আমরা প্রতিজ্ঞাবদ্ধ যে কোনো নারী বা তরুণ যেন নাগরিক সুযোগ-সুবিধা ও কর্তব্যপালনের অধিকার থেকে বঞ্চিত না হন।

- **অন্তর্ভুক্তিমূলক নেতৃত্বের দৃষ্টান্ত:** আমাদের আচরণ ও রাজনৈতিক ভূমিকার মাধ্যমে এমন এক নেতৃত্বের দৃষ্টান্ত স্থাপন করব, যেখানে সাহস, জবাবদিহি ও অন্তর্ভুক্তি প্রাধান্য পায়।

- **সক্ষমতা বৃদ্ধি:** নারী ও যুবসমাজকে কার্যকর নেতৃত্বের জন্য প্রস্তুত করতে প্রশিক্ষণ, শিক্ষা ও রাজনৈতিক সচেতনতার উদ্যোগকে সমর্থন জানাব।

## বাস্তবায়ন ও অনুসরণ

- এই ঘোষণাপত্র আইনগতভাবে বাধ্যতামূলক নয়; এটি কেবল স্বাক্ষরকারীদের ব্যক্তিগত অঙ্গীকারের প্রতিফলন।
- প্রতিটি স্বাক্ষরকারী নিজ নিজ প্রেক্ষাপট ও দায়িত্বের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।
- সেন্টার ফর গভার্ন্যান্স স্টাডিজ (CGS) এই স্বেচ্ছায় গৃহীত উদ্যোগ ও অভিজ্ঞতাগুলো সংগ্রহ ও নথিভুক্ত করবে, যাতে এগুলো অন্যদের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে ওঠে।

(Rashna Imam)
Shihab uddin Khan
NASIN FIRDAUS
Sultana.
Nasreen Sultana Mitu.
Zahir Uddin
S. H. P
Hena Chakma
Fahima Nasreen

আমরা এই ঘোষণাপত্রে স্বাক্ষর করছি মুক্তিযুদ্ধের আদর্শ ও জুলাই অভ্যুত্থানের চেতনায় অনুপ্রাণিত হয়ে। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে নারী ও যুবসমাজের কণ্ঠস্বর দলীয় কাঠামো এবং জাতীয় শাসন ব্যবস্থায় যথাযথভাবে প্রতিফলিত না হওয়া পর্যন্ত জনগণের অন্তর্ভুক্তিমূলক গণতন্ত্রের প্রতিশ্রুতি পূর্ণতা পাবে না। তাঁদের প্রাপ্য স্থান নিশ্চিত করার মাধ্যমে আমরা প্রতিশ্রুতিবদ্ধ হচ্ছি এমন এক বাংলাদেশ গড়ে তুলতে, যা সত্যিকার অর্থে সবার জন্য।

বৃহস্পতিবার, ২৫ সেপ্টেম্বর, ২০২৫
ঢাকা, বাংলাদেশ

P.K. Ashori

NASIM FIRDAUS

(Rashna Imam)

Shihab Uddin Khan

M. Aziz

Nazrul Hoq Prodhan

Dultana.

Nasreen Sultana Mily.

Shameem Haider Patwary

Zahir Uddin Swapon.

Hema Chakma

Fahima Nasrin.